



রবীন্দ্র বিশ্ববিদ্যালয় পত্রিকা
Rabindra Biswabidyalaya Patrika
রবীন্দ্র বিশ্ববিদ্যালয়, বাংলাদেশ
শাহজাদপুর, সিরাজগঞ্জ

স্মারক : রবি/রবি পত্রিকা/২০২২/০৩

তারিখ : ১৩ এপ্রিল ২০২২

রবীন্দ্র বিশ্ববিদ্যালয় পত্রিকা'র পঞ্চম সংখ্যার জন্য গবেষণা প্রবন্ধ আহ্বান

রবীন্দ্র বিশ্ববিদ্যালয় পত্রিকা রবীন্দ্র বিশ্ববিদ্যালয়, বাংলাদেশ-এর ISSN নম্বরযুক্ত Peer Reviewed গবেষণা পত্রিকা। বিশেষজ্ঞ-মতামতের ভিত্তিতে এই পত্রিকায় প্রকাশিত হয় ভাষা, সাহিত্য, সমাজ, সংস্কৃতি, অর্থনীতি, বাণিজ্য ও বিজ্ঞান বিষয়ক মৌলিক-জিজ্ঞাসা ও গবেষণাফল সংবলিত প্রবন্ধ। আমরা আনন্দের সঙ্গে জানাচ্ছি যে, রবীন্দ্র বিশ্ববিদ্যালয় পত্রিকা'র পঞ্চম সংখ্যা (বসন্ত ১৪২৮) প্রকাশের উদ্যোগ গৃহীত হয়েছে। ২০২২ খ্রিষ্টাব্দের জুন মাসের মধ্যে প্রকাশিতব্য পত্রিকাটির পঞ্চম সংখ্যার জন্য মৌলিক গবেষণা প্রবন্ধ আহ্বান করা হচ্ছে।

আম্রহী শিক্ষক, লেখক ও গবেষকবৃন্দকে সংযুক্ত নিয়মাবলি অনুসরণ করে লিখিত প্রবন্ধ আগামী ৩০ এপ্রিল ২০২২ খ্রিষ্টাব্দের মধ্যে (মো. জাবেদ ইকবাল, সহযোগী সম্পাদক, রবীন্দ্র বিশ্ববিদ্যালয় পত্রিকা, অস্থায়ী অ্যাকাডেমিক ভবন-১, রবীন্দ্র বিশ্ববিদ্যালয়, বাংলাদেশ, শাহজাদপুর, সিরাজগঞ্জ) ঠিকানায় ২ সেট প্রিন্টকপি এবং সফটকপি (সিডি অথবা ই-মেইল : rub.patrika@rub.ac.bd) প্রেরণের জন্য অনুরোধ করা হলো।

রবীন্দ্র বিশ্ববিদ্যালয় পত্রিকা একটি ষান্মাসিক দ্বিভাষিক গবেষণা পত্রিকা। বছরে পত্রিকাটির দুটি সংখ্যা প্রকাশিত হয় এবং এটি একটি ধারাবাহিক প্রক্রিয়া। এখন থেকে সারা বছরই পত্রিকাটির জন্য গবেষণা প্রবন্ধ গ্রহণ করা হবে। আম্রহী শিক্ষক, লেখক ও গবেষকগণ যে কোনো সময় পত্রিকার নিয়মাবলি অনুসরণ করে লিখিত মৌলিক গবেষণা প্রবন্ধ জমা দিতে পারবেন।

ধন্যবাদান্তে

প্রফেসর ড. মোঃ শাহ্ আজম
সম্পাদক
রবীন্দ্র বিশ্ববিদ্যালয় পত্রিকা
ও
উপাচার্য
রবীন্দ্র বিশ্ববিদ্যালয়, বাংলাদেশ।

সংযুক্তি : রবীন্দ্র বিশ্ববিদ্যালয় পত্রিকা'র জন্য গবেষণা প্রবন্ধ লেখার নিয়মাবলি।

নিয়মাবলি

১. নিবন্ধের দুটি কপি সরাসরি বা ডাকযোগে প্রেরণ করতে হবে। লেখার সঙ্গে একটি সিডি (CD)-ও পাঠাতে হবে।
২. নিবন্ধের প্রথম পৃষ্ঠায় লেখার শিরোনাম, লেখকের নাম, প্রাতিষ্ঠানিক পরিচিতি/পদবি লিপিবদ্ধ থাকবে। মূল প্রবন্ধ শিরোনামসহ দ্বিতীয় পৃষ্ঠা থেকে শুরু হবে। দ্বিতীয় পৃষ্ঠায় লেখকের নাম থাকবে না।
৩. নিবন্ধের মূল পাঠ A4 কাগজে ১৪ পয়েন্ট বাংলা 'সুতরী এমজে' ফন্টে দুই লাইনের মাঝে ১.৫ ফাঁক রেখে দুই দিকে সমতা (justified) বিধান করে কম্পোজ করতে হবে।
৪. মূল পাঠে সারণি (table) ও চিত্রাদি থাকলে সেগুলোর পর্যায়ক্রমিক সংখ্যা (যেমন : ১, ২, ৩...) প্রদান করতে হবে। প্রত্যেক সারণি ও চিত্রের যথাযথ আখ্যা (caption) জরুরি।
৫. প্রবন্ধের মূল পাঠে অন্য কোনো উৎসের সংক্ষিপ্ত উদ্ধৃতি থাকলে তা একই অনুচ্ছেদে উদ্ধৃতি চিহ্ন (" ") ও সূত্রসহ উল্লেখ করতে হবে। তবে উদ্ধৃতিটি ২৫ শব্দের বেশি হলে তা মূল পাঠের নিচে বাঁ দিকে ১/৪ ইঞ্চি ভেতরে (indenting) ১২ পয়েন্টে নতুন অনুচ্ছেদে সূত্রসহ উল্লেখ করতে হবে। এক্ষেত্রে উদ্ধৃতি চিহ্ন ব্যবহার করার দরকার নেই। কবিতার উদ্ধৃতিতে মূলের পঙ্ক্তিবিন্যাস অক্ষুণ্ণ থাকবে।
৬. প্রবন্ধ বাংলা একাডেমি প্রণীত আধুনিক বাংলা অভিধান-এর বানান অনুযায়ী রচিত হওয়া বাঞ্ছনীয়।
৭. উদ্ধৃতির ক্ষেত্রে মূল বানানের পরিবর্তন হবে না।
৮. নিবন্ধের শুরুতে ১০০ শব্দের সারসংক্ষেপ থাকতে হবে। সারসংক্ষেপ বাংলা ভাষায় রচিত হবে।
৯. মূল পাঠে কোনো বিষয় সম্পর্কে অতিরিক্ত ব্যাখ্যা প্রদান করতে চাইলে তা মূল পাঠের শেষে অন্ত্য-টীকায় (end-note) উপস্থাপন করতে হবে। এ ধরনের টীকা প্রদানের ক্ষেত্রে মূল পাঠের উদ্দিষ্ট ব্যাখ্যা বা বক্তব্য অধিসংখ্যা (superscript) দিয়ে (¹, ², ³ ইত্যাদি) নির্দেশ করতে হবে।
১০. অন্য কোনো লেখকের উদ্ধৃতি ব্যবহারের নিয়ম :
১৯৭৭ খ্রিষ্টাব্দে প্রকাশিত আবদুল মান্নান সৈয়দ-এর *নজরুল ইসলাম : কবি ও কবিতা* বইয়ের ২৫২তম পৃষ্ঠা থেকে উদ্ধৃত অংশটি নিম্নোক্তভাবে উপস্থাপিত হবে :
চিত্রকল্প প্রধানত বিষয়ের আত্মার চেয়ে বিষয়ের শরীর ফলিয়ে তোলার আকাঙ্ক্ষী। অনেক সময় উপমা, রূপক ও প্রতীক : কবিতার এই সব উপচারের ছদ্মপোশাক পরে লুকিয়ে থাকে চিত্রকল্প; অবশ্য উপমা, ও প্রতীক মাঝেই-যে চিত্রকল্প নয়—সে তো বলা বাহুল্য (মান্নান, ১৯৭৭ : ২৫২)।
১১. প্রবন্ধের মূল পাঠের শেষে একটি সহায়কপঞ্জি (reference) থাকবে। এই সহায়কপঞ্জিতে কেবল মূল পাঠে যেসব লেখক ও গ্রন্থের উল্লেখ আছে, তা বর্ণানুক্রমে (alphabetic order) বিন্যস্ত করতে হবে। বাংলা ও ইংরেজি গ্রন্থের জন্য স্বতন্ত্রভাবে সহায়কপঞ্জি রচনা করতে হবে, যেখানে প্রথমে বাংলা বই স্থান পাবে। সহায়কপঞ্জি রচনার নিয়ম নিম্নরূপ :
গ্রন্থ
আহমদ শরীফ (১৯৭৭)। *মধ্যযুগের সাহিত্যে সমাজ ও সংস্কৃতির রূপ*। মুক্তধারা, ঢাকা।
M. A. Rahim (2013). *The History of the University of Dacca*. Dhaka University, Dhaka.
গবেষণা পত্রিকা
আনোয়ার পাশা (১৩৭৫)। "মোহামেদান লিটারারী সোসাইটি ও হিন্দুমেল্লা"। *সাহিত্য পত্রিকা*, দশম বর্ষ : দ্বিতীয় সংখ্যা, ঢাকা বিশ্ববিদ্যালয়, ঢাকা।
১২. গ্রন্থের একাধিক লেখক থাকলে তথ্যনির্দেশে সকলের নাম থাকতে হবে।
১৩. প্রকাশিত কিংবা প্রকাশের জন্য বিবেচনাধীন লেখা গ্রহণ করা হয় না।
১৪. প্রকাশের জন্য মনোনীত কিংবা অমনোনীত কোনো পাণ্ডুলিপি ফেরত দেওয়া হয় না। প্রবন্ধ প্রকাশিত হলে লেখক পত্রিকার দুটি কপি এবং তাঁর লেখার ৫ কপি অফপ্রিন্ট পাবেন।
১৫. প্রকাশিত প্রবন্ধের জন্য নিয়মানুযায়ী সম্মানী প্রদান করা হবে।